গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৮
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০১৪.১৮.০২৬.৯৯-৬৮২

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

**অফিস আদেশ**

সরকারি বাসা বরাদ্দের বিষয়ে বরাদ্দ কমিটি সংক্রান্ত এ মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৫ তারিখের ২৫.০০.০০০০.০১৪.১৮.০২৬.৯৯-৪৩০ নম্বর আদেশটি বাতিলপূর্বক সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন সরকারি বাসা বরাদ্দের জন্য নিম্নরূপ ০২টি কমিটি পুনর্গঠন করা হলো:

**কমিটি-১:**

| | |
|---|---|
| ১। মোঃ আব্দুল মতিন, অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - সভাপতি |
| ২। উপসচিব (প্রশাসন শাখা-৮), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - সদস্য |
| ৩। অতিরিক্ত পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য |
| ৪। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য সচিব |

১০৫৪ ৭/১০/২৫

**উক্ত কমিটির কার্যপরিধি:**

(১) এফ ও তদূর্ধ্ব শ্রেণীভুক্ত বাসা ও গ্যারেজ বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম;
(২) এফ ও তদূর্ধ্ব শ্রেণীভুক্ত বরাদ্দকৃত বাসায় বসবাসের মেয়াদ বর্ধিতকরণসহ প্রাসঙ্গিক বিষয়াদি;
(৩) সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন সকল উচ্ছেদে কার্যক্রম অনুমোদন;
(৪) নবনির্মিত যে কোন আবাসনের প্রথম বরাদ্দ;
(৫) কর্তৃপক্ষ নির্দেশিত অন্যান্য বিষাদি।

**কমিটি-২:**

| | |
|---|---|
| ১। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর | - সভাপতি |
| ২। উপসচিব (প্রশাসন শাখা-৮), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - সদস্য |
| ৩। উপপরিচালক (সংশ্লিষ্ট বরাদ্দ শাখা), সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য |
| ৪। অতিরিক্ত পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য সচিব |

**উক্ত কমিটির কার্যপরিধি:**

(১) ই-শ্রেণি, ডি-১, ডি-২ শ্রেণী পর্যন্ত এবং সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন (বিভিন্ন মন্ত্রণালয়ের আওয়াতাধীন আবাসন ব্যতিত) অন্যান্য আবাসন বরাদ্দ
(২) ই-শ্রেণি ডি-১, ডি-২ পর্যন্ত এবং সরকারি আবাসন পরিদপ্তরের হতে বরাদ্দকৃত সকল আবাসনের বিধিমতে বসবাসের মেয়াদ বৃদ্ধি, হস্তান্তর ইত্যাদি বিষায়াদি এবং
(৩) কর্তৃপক্ষ নির্ধারিত/নির্দেশিত অন্যান্য প্রাসংঙ্গিক কার্যক্রম।

০২। উপরিউক্ত বরাদ্দ কমিটি যাবতীয় কার্যক্রম বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক সময় সময় জারিকৃত নির্বাহী আদেশ অনুসারে পরিচালিত হবে।

০৩। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার স্বার্থে সকল ধরনের নতুন বরাদ্দ/বদলি বরাদ্দ কমিটির সুপারিশের মাধ্যমে করতে হবে। উভয় বরাদ্দ কমিটিই সভায় বাসা বরাদ্দ/বদলি বরাদ্দের সুপারিশ করবে এবং সুপারিশসহ অনুমোদনের জন্য নিকটবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পেশ করবে। কর্তৃপক্ষের অনুমোদনের পরই বাসা বরাদ্দের বরাদ্দপত্র ইস্যু করতে হবে। এছাড়াও প্রয়োজনে নথিতে উপস্থাপনের মাধ্যমে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে বাসা বরাদ্দের ব্যবস্থা করা যেতে পারে। তবে, বিশেষ ক্ষেত্রে বাংলাদেশ সরকারের সচিবগণের অনুকূলে বাংলো শ্রেণির বাসা বরাদ্দ প্রদানের ক্ষেত্রে মাননীয় উপদেষ্টা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে বরাদ্দ প্রদান করা যেতে পারে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

২৩/০৯/২০২৫
মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯৮১
dsadmin2@mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০১৪.১৮.০২৬.৯৯-৬৮২

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, ........................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সকল), ......................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। উপসচিব (সকল), ............................................, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, ......................................, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা, সরকারি অফিস ভবন, ঢাকা।
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা, সরকারি অফিস ভবন, ঢাকা।
১২। সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৩/০৯/২০২৫
মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব

COM-2\Govt. Abason\Committee Reform.docx/15

CamScanner